তারিখ 03 OCT 2016
পৃষ্ঠা [illegible] কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# স্কুল-কলেজে তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণে সমঝোতা স্মারক সই

**স্টাফ রিপোর্টার ॥** সারাদেশে স্কুল-কলেজে স্থাপিত ডিজিটাল ল্যাবে তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ পরিচালনা করার বিষয়ে আইসিটি বিভাগের সঙ্গে রবিবার একটি সমঝোতা স্মারক সই করেছে তারুণ্যের প্ল্যাটফর্ম (ইয়াং বাংলার সেক্রেটারিয়েট) 'সেন্টার ফর রিসার্চ এ্যান্ড ইনফর্মেশন (সিআরআই)'। চুক্তি অনুযায়ী, সারাদেশে 'শেখ রাসেল কম্পিউটার এ্যান্ড ল্যাংগুয়েজ ক্লাব'-এর অধীনে স্থাপিত ২০০১টি ল্যাবের রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানের জন্য সিআরআই সমন্বয়ক ও তত্ত্বাবধায়ক নিয়োগ করবে।

সিআরআই জানিয়েছে, দু'বছর মেয়াদী (২০১৮ সাল পর্যন্ত) এই চুক্তির অধীনে সিআরআই প্রতিটি ল্যাবে দুজন করে সমন্বয়ক ও ১০ জন করে স্বেচ্ছাসেবক নিয়োগ করবে। তারা স্কুল-কলেজের শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তি বিষয়ে মৌলিক প্রশিক্ষণ দেবে। ল্যাবের রক্ষণাবেক্ষণ ও তত্ত্বাবধানের দায়িত্বও পালন করবেন তারা। ইয়াং বাংলার অধীন তরুণ স্বেচ্ছাসেবকদের তালিকা ও 'জয় বাংলা ইয়ুথ এ্যাওয়ার্ড' বিজয়ীদের মধ্য থেকে সমন্বয়ক ও স্বেচ্ছাসেবক নির্বাচন করা হবে।

রবিবার সকালে আইসিটি বিভাগে তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলকের কার্যালয়ে সিআরআইর নির্বাহী পরিচালক সাব্বির বিন শামস, 'শেখ রাসেল কম্পিউটার এ্যান্ড ল্যাংগুয়েজ ল্যাব' প্রকল্পের ভারপ্রাপ্ত পরিচালক আ স ম শফিউল আলম তালুকদারসহ অন্যান্য কর্মকর্তার উপস্থিতিতে চুক্তিটি স্বাক্ষর হয়।